গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-৭২

**সিরাজগঞ্জে তথ্য অধিকার আইন বিষয়ে পিআইডি'র অবহিতকরণ সভা অনুষ্ঠিত**

রাজশাহী; ০২ আশ্বিন (১৭ সেপ্টেম্বর):

আজ বুধবার (১৭ সেপ্টেম্বর) সকালে সিরাজগঞ্জ মওলানা ভাসানী ডিগ্রি কলেজে রাজশাহী আঞ্চলিক তথ্য অফিস (পিআইডি) তথ্য অধিকার আইন ২০০৯ এর বিধি-বিধান সম্পর্কিত অবহিতকরণ সভার আয়োজন করে। সভায় মওলানা ভাসানী ডিগ্রি কলেজের শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ অংশগ্রহণ করেন।

অবহিতকরণ সভায় রাজশাহী পিআইডি'র উপপ্রধান তথ্য অফিসার মো. তৌহিদুজ্জামান তথ্য অধিকার আইনের বিধি-বিধান বিষয়ে মূল প্রবন্ধ উপস্থাপন করেন। পরে অংশগ্রহণকারীদের তথ্য অধিকার আইন বিষয়ক বিভিন্ন প্রশ্নের জবাব দেওয়া হয়।

সভায় অন্যান্যের মধ্যে পিআইডি'র সিনিয়র তথ্য অফিসার মো. আতিকুর রহমান শাহ্, সিরাজগঞ্জ জেলা তথ্য অফিসের উপপরিচালক মোহাম্মদ আলী, মওলানা ভাসানী ডিগ্রি কলেজের অধ্যক্ষ মো. সিরাজ উদ্দিন প্রমুখ বক্তৃতা করেন।

...............................................................................
আলীম/তৌহিদ/আতিক/স্মিতা/২০২৫/১৫:০০ ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd